



উইল্‌স লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ

৮৫ কাকরাইল, ঢাকা - ১০০০।

১০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ

২৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অর্ধ বার্ষিক/প্রাক নির্বাচনী পরীক্ষার তারিখ পরিবর্তন প্রসঙ্গে

সম্মানিত অভিভাবক, শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে বাংলা মাধ্যম, ইংরেজি মাধ্যম ও ইংলিশ ভার্সনের অর্ধ বার্ষিক/প্রাক নির্বাচনী পরীক্ষা পূর্ব ঘোষিত আগামী ২৮ জুন ২০২৬খ্রি. এর পরিবর্তে আগামী ০১ জুলাই ২০২৬খ্রি. বুধবার হতে শুরু হবে। উল্লেখ্য, ইতোপূর্বে প্রকাশিত রুটিন অনুযায়ী ০১ জুলাই হতে ১৪ জুলাই ২০২৬খ্রি. পর্যন্ত পরীক্ষাগুলো যথারীতি অনুষ্ঠিত হবে এবং ২৮, ২৯ এবং ৩০ জুন ২০২৬খ্রি. তারিখের নির্ধারিত পরীক্ষা গুলোর নতুন তারিখ পরবর্তীতে নোটিশের মাধ্যমে জানানো হবে।

বর্ণিত অবস্থায় শ্রেণি কার্যক্রম আগামী ২৯ জুন ২০২৬খ্রি. সোমবার পর্যন্ত যথারীতি চলবে। পরীক্ষার পূর্ব প্রস্তুতির জন্য ৩০ জুন ২০২৬খ্রি. মঙ্গলবার শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে।

এতদ্বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

০০০-২৪/০৬/২৬
আ.ন.ম. শামসুল আলম খান
অধ্যক্ষ (ভারস্বত)
উইল্‌স লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ
৮৫ কাকরাইল, ঢাকা-১০০০